## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০১১-২০১২

### বাংলা

০১. যিনি অনেক দেখেছেন-
ক. দার্শনিক খ. দূরদর্শী
গ. পর্যটক ঘ. ভূয়োদর্শী

ব্যাখ্যা: যিনি অনেক দেখেছেন- ভূয়োদর্শী।
বিশেষ খ্যাতি আছে যার - বিখ্যাত।
ন্যায় শাস্ত্র জানেন যিনি - নৈয়ায়িক।
বহুর মধ্যে একটি - অন্যতম।
যুদ্ধ থেকে যে বীর পালায় না - সংশপ্তক।
সঠিক উত্তর : ঘ.

০২. 'বাতুল' -এর সমার্থক শব্দ-
ক. নির্বোধ খ. উন্মাদ
গ. বেকুব ঘ. বাতিল

ব্যাখ্যা: 'বাতুল' -এর সমার্থক শব্দ- উন্মাদ, পাগল, খ্যাপা, বায়ু রোগগ্রস্ত।
সঠিক উত্তর : খ.

০৩. কোন শব্দটি ষত্ব বিধানের নিয়মের বাইরে?
ক. বিষয় খ. বর্ষা গ. ভাষা ঘ. কষ্ট

ব্যাখ্যা: তৎসম শব্দের বানানে "ষ" এর সঠিক ব্যবহারের নিয়মই হল ষত্ব বিধান।
ষ ব্যবহারের নিয়ম:-
•ই কারান্ত যেমন: অধি, অনু, অভি, পরি, সু ইত্যাদি এবং উ কারান্ত যেমন- অনু, সু ইত্যাদি উপসর্গের পর "ষ" হয় যেমন- অভিষেক, অনুষঙ্গ, প্রতিষেধক, প্রতিষ্ঠান, পরিষদ, সুষম।
•ঋ, র, ষ এর পরে "ষ" হয় যথা- ঋষি, কৃষক, তৃষ্ণা, বৃষ্টি, বর্ষা, দৃষ্টি, হর্ষ, মুমূর্ষু, ঈর্ষা ইত্যাদি।
•ট, ঠ এর পরে "ষ" হয় যথা:- কষ্ট, স্পষ্ট, ইষ্ট।
•স্বভাবতই "ষ" হয়- কোষ, অভিলাষ, ভাষা, ঔষধ, মানুষ, ষোড়শ, শোষন, ষড়যন্ত্র, ভূষন, ঊষা, আষাঢ়, ঈষৎ, ভাষ্য ইত্যাদি।
•খাঁটি বাংলা ও বিদেশী শব্দে মূর্ধণ্য 'ষ' হয় না। যেমন - মিসর, জিনিস, মাস্টার। সংস্কৃত 'সাৎ' প্রত্যয়ে মূধার্ণ্য 'ষ' হয় না। যেমন - ধুলিসাৎ, ভূমিসাৎ।
সঠিক উত্তর : গ.

০৪. 'সঁপা' শব্দটির বুৎপত্তি নির্দেশ-
ক. স্বপন খ. স্বপ্না
গ. সমর্পণ ঘ. সর্প

ব্যাখ্যা: 'আঠারো বছর বয়স' কবিতায় বুৎপত্তি নির্দেশক শব্দ -
বছর < বৎসর; মাথা < মস্তক; সঁপা < সমর্পন; ঝড় < ঝঞ্ঝা; নতুন < নূতন।
সঠিক উত্তর : গ.

০৫. 'দেশবিভাগের অব্যাবহিত পর পরিত্যাক্ত বাড়িটি দখল করেছিল কলকাতার ঘিঞ্জী এলাকায় মাথা গুজে দুর্বিসহ জীবনযাপণ করা উদ্বাস্ত কয়েকজন মানুষ।' বাক্যটিতে ভুলের সংখ্যা-
ক. পাঁচটি খ. ছয়টি
গ. সাতটি ঘ. আটটি

ব্যাখ্যা: শুদ্ধরূপ- অব্যবহিত, পরিত্যক্ত, ঘিঞ্জি, গুঁজে, দুর্বিষহ, জীবনযাপন, উদ্বাস্তু।
সঠিক উত্তর : গ.

০৬. 'চা জুড়িয়ে যাচ্ছে' বাক্যটিতে যৌগিক ক্রিয়ার ব্যবহার-
ক. অবিরাম অর্থে খ. সমাপ্তি অর্থে
গ. সম্ভাবনা অর্থে ঘ. ক্রমশ অর্থে

ব্যাখ্যা: অসমাপিকা ক্রিয়ার পরে যা, পড়, দেখ, লাগ ইত্যাদি ধাতু থেকে সমাপিকা ক্রিয়া গঠিত হয়ে উভয়ে মিলিত ভাবে যৌগিক ক্রিয়া তৈরি করে।
যেমন- যা ধাতু-
সমাপ্তি অর্থে - বৃষ্টি থেমে গেল।
অবিরাম অর্থে - বক্তা বক্তৃতা দিয়ে যাচ্ছে।
ক্রমশ অর্থে - চা জুড়িয়ে যাচ্ছে।
সম্ভাবনা অর্থে - এখন খেলা যেতে পারে।
সঠিক উত্তর : ঘ.

০৭. I cannot spare a moment- বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ-
ক. আমি এক মুহূর্তে ব্যয় করতে পারি না খ. আমার মুহূর্তের ছাড় নেই
গ. আমার তিলমাত্র সময় নেই ঘ. আমার এক তিল সময় ছিল না

ব্যাখ্যা: I cannot spare a moment - আমার তিলমাত্র সময় নেই।
No smoke without fire - কারণ বিনা কার্য হয় না।
Wishes never fill the beg - শুধু কথায় পেট ভরে না।
I am an eyesore to him - আমি তার চক্ষুশূল।
They are playing at fighting - তারা যুদ্ধ যুদ্ধ খেলছে।
সঠিক উত্তর : গ.

০৮. বাক্যের অনুজ্ঞা পদগুলো হচ্ছে-
ক. বিশেষ্য পদের রূপ খ. বিশেষণ পদের রূপ
গ. সর্বনাম পদের রূপ ঘ. ক্রিয়া পদের রূপ

ব্যাখ্যা: আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, প্রভৃতি অর্থে বর্তমান এবং ভবিষ্যৎ কালে মধ্যমপুরুষের ক্রিয়াপদের যে রূপ হয় তাকে অনুজ্ঞাপদ বলে।
যেমন- ক্ষমা করো মোর অপরাধ।
- এক্ষুণি বেরিয়ে যাও।
সঠিক উত্তর : ঘ.

০৯. কোন্ রচনাটি সামাজিক-রাজনৈতিক পটভূমিতে রচিত নয়-
ক. একুশের গল্প খ. সাহিত্যে খেলা
গ. একটি তুলসী গাছের কাহিনী ঘ. কলিমদ্দি দফাদার

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

১০. 'ক্ষতি'র বিপরীত শব্দ-
ক. ফায়দা খ. সামান্য গ. ব্যবসা ঘ. অনুকূল

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ-

| | | | |
|---|---|---|---|
| যোজক | বিয়োজক | বিনীত | দুর্বিনীত |
| আদিম | অন্তিম | বিরল | বহুল |
| সুর | অসুর | বিরক্ত | প্রসন্ন |
| যৌথ | একক | প্রাচী | প্রতীচী |
| মিঠা | তিতা | ক্ষতি | ফায়দা |

সঠিক উত্তর : ক.

১১. 'যৌবনের গান' প্রবন্ধে উপমান হিসেবে কোন দুটি নদীর নামের উল্লেখ আছে?
ক. পদ্মা-মেঘনা খ. পদ্মা-ভাগীরথী
গ. গঙ্গা-সরস্বতী ঘ. গঙ্গা-যমুনা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

১২. বৃদ্ধের পুত্রবধূর কবরে ঝিঁঝিঁরা কী বাজায়?
ক. ব্যাথার ঘুঙুর খ. ঘুমের নূপুর গ. দুঃখের সানাই ঘ. করুণ বাঁশি

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

১৩. কোন প্রয়োগটি শুদ্ধ-
ক. দীর্ঘাঙ্গী পুরুষ খ. রাঁধুনী বামুন
গ. সহোদরা ভাই ঘ. শ্বশ্রূমহাশয়

ব্যাখ্যা: শুদ্ধরূপ- দীর্ঘাঙ্গ পুরুষ, সহোদর ভাই, শ্বশুর মহাশয়।
সঠিক উত্তর : খ.

১৪. 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ' প্রবচনটির যথার্থ-
ক. কষ্টের উপর আরো কষ্ট খ. দুরারোগ্য ব্যাধি
গ. বুড়োর ভীমরতি ঘ. নতুন যৌবনপ্রাপ্তি

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু প্রবাদ প্রবচন-
বুড়ো শালিকের ঘাড়ে রোঁ - বুড়োর ভীমরতি।
আসলে মুষল নেই ঢেঁকি ঘরে চাঁদোয়া - উপযুক্ত ব্যবস্থা অবলম্বনের অভাব।
উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে - একের অপরাধ অন্যের ঘাড়ে চাপানো
কইয়ের তেলে কই ভাজা - অন্যের উপর দিয়ে স্বার্থ উদ্ধার।
কুল রাখি না শ্যাম রাখি - উভয় সংকট।
কালনেমির লঙ্কাভাগ - কাজ আরম্ভ করার আগেই ফল পাওয়ার আশা।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৫. সন্ধিঘটিত শুদ্ধ শব্দ-
ক. অতি + অধিক = অত্যাধিক খ. অগ্নি + উৎপাত = অগ্নুৎপাত
গ. প্রশ্ন + আবলি = প্রশ্নাবলী ঘ. চতুঃ + অঙ্গ = চতুরঙ্গ

ব্যাখ্যা: শুদ্ধরূপ- অতি + অধিক = অত্যাধিক;
অগ্নি + উৎপাত = অগ্নুৎপাত; প্রশ্ন + আবলি = প্রশ্নাবলি।
সঠিক উত্তর : ঘ.

১৬. কাটারা শব্দের অর্থ-
ক. পুরানো ভবন খ. মাংস কাটার ছুরি
গ. কাটারিভোগ চালের স্থানীয় নাম ঘ. কাঠগড়া

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

১৭. আপেল রঙের মেয়ে-
ক. রেণু খ. বিলাসী
গ. হৈমন্তী ঘ. শকুন্তলা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১৮. উপসর্গযুক্ত শব্দ কোনটি?
ক. কুজন খ. কুসুম গ. কুলীন ঘ. কুশল

ব্যাখ্যা: উপসর্গ অন্য শব্দের আগে বসে নতুন অর্থবোধক শব্দ তৈরি করে।
কু + জন = কুজন (উপসর্গ যোগে) ;√ কুস + উম = কুসুম (প্রত্যয় যোগে) ;
কুল + ঈন = কুলীন (প্রত্যয় যোগে); কুশ + ল (লচ) = কুশল (প্রত্যয় যোগে)
সঠিক উত্তর : ক.

১৯. 'পুলিশ এসেছে আবার। সে ফিসফিস করে বলে।' -কে ফিসফিস করে বলে?
ক. মকসুদ খ. ইউনুস
গ. মতিন ঘ. মোদাব্বের

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

২০. এইচআইভি রোগের লক্ষণ নয়-
ক. জ্বর খ. ডায়রিয়া গ. দুর্বলতা ঘ. মাথাব্যাথা

ব্যাখ্যা: এইডস রোগের লক্ষণ- দুর্বলতা, জ্বর, ডায়রিয়া, লসিকা গ্রন্থির ফুলে যাওয়া।
সঠিক উত্তর : ঘ.

২১. টাকা দাও, ছাড়া পাবে। - বাক্যটি
ক. জটিল খ. যৌগিক
গ. সরল ঘ. সংযুক্ত

ব্যাখ্যা: বাক্যটির পূর্ণরূপ হবে এরূপ- যদি টাকা দাও, তবে ছাড়া পাবে। যা জটিল বাক্যের উদাহরণ।
বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : ক.

২২. Deadlock - এর বাংলা
ক. অন্ধকারাচ্ছন্ন খ. বিশৃঙ্খলা
গ. অচলাবস্থা ঘ. মৃত্যুপথযাত্রী

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা-
Banishment - নির্বাসন Boycott - বর্জন
Banquet - ভোজসভা Bookpost - খোলা ডাক
Barter - বিনিময় Brochure - পুস্তিকা
Basin - অববাহিকা Blockade - অবরোধ
Black-out - নিস্প্রদীপ Deadlock - অচলাবস্থা
সঠিক উত্তর : গ.

২৩. 'তাহারেই পড়ে মনে' কবিতায় উল্লেখ আছে যে দুটি ফলের-
ক. বাতাবি নেবু, আম খ. বাতাবি নেবু, লিচু
গ. আম, লিচু ঘ. আম, পেয়ারা

ব্যাখ্যা: 'তাহারেই পড়ে মনে' কবিতায় আলোচ্য লাইনটি এরূপ-
বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল?
দখিনা সমীর তার গন্ধে গন্ধে হয়েছে কি অধীর আকুল?
সঠিক উত্তর : ক.

২৪. 'কেলিনু' শব্দটির শিষ্ট চলিত রূপ-
ক. কেললাম খ. খেলিলাম
গ. খেললাম ঘ. কেলি

ব্যাখ্যা: কিছু শব্দের শিষ্ট চলিত রূপ-
তব- তোমার; সঁপি- সঁপে; আচরি- আচরণ করে; মজিনু- মজলাম;
কেলিনু- খেললাম; পরিহরি- পরিহার করে।
সঠিক উত্তর : গ.

২৫. কোনটি শুদ্ধ?
ক. শিরশ্ছেদ খ. শিরোচ্ছেদ
গ. শিরোশ্ছেদ ঘ. শিরচ্ছেদ

ব্যাখ্যা: সন্ধিতে বিসর্গের পর চ/ছ থাকলে শ + চ/ছ বসে।
যেমন- নিঃ + চয় = নিশ্চয়; অনুরূপভাবে- শিরঃ + ছেদ = শিরশ্ছেদ
সঠিক উত্তর : ক.

## English

***Answer question 1-8 based on the following passage.***

Making judgements about people is a common feature of everyday life. We are continually evaluating what others say and do, in comments called for or not, offering criticism and feedback informally to friends and colleagues about their behavior. Formal, institutional judgements figure prominently in our lives too. For example : people pass driving tests, survive the probationary period in a new job, get promotions at work, succeed at interviews, win Oscars for performances in a film, win medals in driving competitions and are released from prison for good behavior.

01. **"evaluating" means ____.**
A. recalling B. tasting
C. assesing D. balancing

ব্যাখ্যা: Evaluate - মূল্যায়ন করা।
**Synonym :** Assess, Calculate, Compute, Estimate, Judge, Rank, Reckon, Weigh, Gauge.
**Ans : C.**

02. **"called for" refers to ____.**
A. asked for B. followed
C. begged for D. summoned

ব্যাখ্যা: Call for - চাওয়া, বা জিজ্ঞেস করা। এর সমার্থক হলো Demand বা ask for.

| | |
|---|---|
| Call out | উচ্চস্বরে বলা |
| Call in | ডাকা |
| Call upon | সাক্ষাৎ করা |
| Call off | নষ্ট করা |
| Call up | স্মরণ করা |
| Call over | নাম ডাকা |
| Call on | কারো সাথে দেখা করা |

**Ans : A.**

03. **"feedback" stands for____.**
A. encouragement B. opinion
C. entertainment D. help

ব্যাখ্যা: Feedback - কোন বিষয়ের গুণাগুণ সম্পর্কে সংযুক্ত ব্যক্তিদের মতামত।
**Synonym :** Opinion, View, Comment, Advice, Reaction, Criticism.
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**04. The term "Institutional judgements" means___.**
A. official judgements
B. set judgements
C. stereotyped judegements
D. judging institutions

ব্যাখ্যা : Institutional Judgement মানে official judgement কে বুঝাচ্ছে passage এ।
Ans : A.

**05. In the passage we get mainly___types of judgements.**
A two B. three
C. four D. seven

ব্যাখ্যা: Passage - এ দুই ধরণের Judgement এর কথা বলা হয়েছে Informal এবং formal
Ans : A.

**06. According to the passage judgements are___.**
A. seldom made B. frequently made
C. rarely made D. discouraged

ব্যাখ্যা: Passage - এর প্রথমেই বলা হয়েছে - Making judgement about people is a common feature of everyday life. যেহেতু Judgement একটি নিত্যনৈমিত্তিক ব্যাপার। তাই সঠিক Option হবে Frequently Made.। কেননা Frequent এর অর্থ সচরাচর বা নিয়মিত।
Ans : B.

**07. "figure" stands for___.**
A. shape B. number
C. occupy D. picture

ব্যাখ্যা : Figure in - appear in/be included in/প্রকাশ পাওয়া।
Picture - Appear in.
Ans : D.

**08. "the probationary period" is the ___ period.**
A. learning B. trial
C. leave D. service

ব্যাখ্যা: Probation - চাকুরি শুরুর আগের প্রশিক্ষণ Probationary Period বলতে Learning Period কে বোঝানো হয়।
Ans : A.

**09. Which pair of words is synonymous?**
A. waste, trash B. reduce, rubbish
C. recycle, destroy D. conserve, consume

ব্যাখ্যা: Waste - আবর্জনা Trash - আবর্জনা
Reduce - হ্রাস করা Rubbish - আবর্জনা
Conserve - সংরক্ষণ করা Consume - ভোগ করা
Recycle - পুনঃপ্রক্রিয়াজাত Destroy - ধ্বংস করা
Option (A) ছাড়া বাকী Option গুলো একটি আরেকটির Synonym নয়।
Ans : A.

**10. "Contaminate" means___.**
A. purify B. pollute
C. corruption D. think

ব্যাখ্যা: Contaminate - Verb - দূষিত করা
Synonym - Pollute, Adulterate, Debase, Infect, Defile
Antonym : Purify, Refine
Ans : B.

**11. Choose the correct sentence.**
A. His hairs are not straight and curly.
B. His hair is not straight but curly
C. His hairs are straight and curly.
D. His hairs are not straight but curly.

ব্যাখ্যা: Hair, Uncountable Noun তাই Uncountable Noun এর সাথে s বা es যোগ হয় না বা এর কোন Plural form নেই। অন্যদিকে Uncountable Noun এর পর Singular Verb বসে।
Ans : B.

**12. The man ___ down silently and ___ his food.**
A. sits, took B. sat, take
C. sat, had taken D. sat, took

ব্যাখ্যা: Parallelism এর নিয়ম অনুসারে and এর পূর্বে যে tense হয় and এর পরেও একই tense হবে। আবার দুটি কাজ একই সাথে হয়েছে বিধায় একই tense এ হবে।
Ans : D.

**13. "Niche" means ___.**
A. surface B. centre
C. edge D. hollow

ব্যাখ্যা : Niche - noun - দেয়ালের গর্ত
Synonym - Hallow, Alcove, Corner, Cubby-Hole.
Ans : D.

**14. Camping ___ usually provide facilities ___ entertainment.**
A. site, for B. sight, in
C. sites, for D. sites, at

ব্যাখ্যা: Camping Site - অবকাশ যাপনের জন্য বসবাসের জায়গা। যেহেতু Verb (Provide) এর সাথে s বা es নাই তাই শূন্যস্থানে Sites হবে। কেননা Plural noun এর পর Verb টি Plural হয়। শূন্যস্থানে Sight হবে না কারণ Sight অর্থ দৃষ্টিশক্তি।
Ans : C.

**15. She took me ___ the hand and led me ___ the dais.**
A. at over B. in, on C. on, from D. by, to

ব্যাখ্যা: সে আমাকে হাত দিয়ে ধরে মঞ্চের দিকে নিয়ে গিয়েছিল। কোন কাজের সহায়ক কোন কিছুর পূর্বে Preposition by বসে। আবার কোন দিক বুঝাতে Preposition to বসে।
Ans : D.

**16. ___ there any nursing schools ___ Chittagong?**
A. is, at B. Are, on
C. Was, in D. Are, in

ব্যাখ্যা: যেহেতু 'any nursing schools' Plural তাই Verb টিও Plural হবে। তাই প্রথম Fill in the gap এ are হবে। আবার বড় স্থানের পূর্বে Preposition In বসে।
Ans : D.

**17. Where ___ all the boys ___?**
A. has, gone B. have, gone
C. did, went D. does, go

ব্যাখ্যা: Interrogative Sentence এ WH Question Word এর পর অবশ্যই একটি Auxiliary Verb বসবে। আবার, এখানে Subject যেহেতু All the boys তাই Verbটি Plural হবে। ১ম শূন্যস্থানে did বা have দুটোই বসতে পারে। কিন্তু যে sentence এ Did বসে, সেই Sentence এ Verb এর Present Form ব্যবহৃত হয়। তাই এখানে Have বসবে এবং Sentence টি Present Perfect Tense হবে।
Ans : B.

**18. The players are ___ tired ___ nervous.**
A. very, but B. neither, or
C. either, or D. either, nor

ব্যাখ্যা: Neither......... nor অথবা Either......... or অনুযায়ী হবে।
Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

19. In Shelley's "Ozymandias" "frown" and sneer of cold command" are seen on ___.
A. the pedestal of the state B. desert sir ...!
C. two trunkless legs D. shattered visage

ব্যাখ্যা : Ozymandies কবিতার লাইনগুলো এরকম-
Who said 'Two Vast and trunkless legs of stone
Stand in the desert. Near them on the sand
Half Sunk, a shattered visaage lies whose frown.
And wrinkled lip and sneer of cold command
Ans : D. Literature

20. The Taj Mahal is a/an ___ monument of the ___ century.
A. Indian, 18th B. Indian, 16th
C. Moghal, 17th D. Moghal, 15th

ব্যাখ্যা: সতের শতকে মোঘল আমলে তাজমহল নির্মিত হয়েছে।
Ans : C. Completing Sentence

21. The word "substantiate" is a/an ___. Verb
A. verb B. adjective C. noun D. adverb

ব্যাখ্যা: Substantiate - Verb - নিশ্চিত করা, সঠিক বলে ঘোষণা করা।
Synonym - Authenticate, Confirm, Prove, Validate, Verify, Corroborate
Antonym - disprove, refute
Ans : A.

22. He got a ___ of land ___ his village.
A. lease, on B. slice, into
C. plot, through D. lease, in

ব্যাখ্যা: সে তার গ্রামে জমি ভাড়া নিয়েছিল। অর্থাৎ - He got a lease of land in his village. Completing Sentence
Ans : D.

23. One of the ___ of globalization is cultural ___.
A. effect, shock B. affects, surprise
C. effects, assault D. effect, confusion

ব্যাখ্যা: One of the + Noun (Plural) + Verb (Singular)
Affect - Verb ; Effect - Noun; assault - আঘাত
Ans : C. Completing Sentz

24. The team is disqualified, ___. Tag Q.
A. isn't it B. wasn't it
C. hasn't it D. doesn't it

ব্যাখ্যা: Sentence টি affirmative তাই Negative tag হিসেবে Isn't it হবে।
Ans : A.

25. Choose the English translation of - তুমি কি কখনো কুয়াকাটা গিয়েছো? Translation
A. Have you gone to Kuakata?
B. Have you ever gone Kuakata?
C. Have you ever been to Kuakata?
D. Did you ever go to Kuakata?

ব্যাখ্যা: কোথায় ভ্রমণ করে চলে আসা বুঝাতে Be (Been) ব্যবহৃত হয়।
Ans : C.

## সাধারণ জ্ঞান

০১. মিশরের প্রেসিডেন্ট হোসনি মুবারক ক্ষমতা থেকে ইস্তফা দেন-
ক. ফেব্রুয়ারি ৭, ২০১১ খ. ফেব্রুয়ারি ৯, ২০১১
গ. ফেব্রুয়ারি ১১, ২০১১ ঘ. ফেব্রুয়ারি ১৪, ২০১১

ব্যাখ্যা: • হোসনি মুবারকের বিরুদ্ধে আন্দোলনের সূত্রপাত ঘটে- তাহরির স্কয়ার থেকে
• হোসনি মোবারক ক্ষমতা থেকে ইস্তফা দেয় - ১১ ফেব্রুয়ারি, ২০১১
• ৩ আগস্ট,২০১১ থেকে মুবারকের বিচার কার্যক্রম শুরু হয়।
• ১৪ই অক্টোবর ১৯৮১ থেকে ১১ ফেব্রুয়ারি ২০১১ পর্যন্ত তিনি ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন।
সঠিক উত্তর : গ.

০২. যে তারিখে প্রেসিডেন্ট ওবামা ওসামা বিন লাদেনের মৃত্যু ঘোষণা করেন-
ক. মে ১, ২০১১ খ. মে ৩, ২০১১
গ. মে ৫, ২০১১ ঘ. মে ৬, ২০১১

ব্যাখ্যা: ওসামা বিন লাদেন সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য-
• জন্ম : ১০মার্চ ১৯৫৭, রিয়াদ, সৌদি আরব।
• মৃত্যু : ২ মে (বাংলাদেশ সময়), ২০১১ অ্যাবেটাবাদে, পাকিস্তানের।
• সমাহিত করা হয় আরব সাগরে।
• ওসামাকে হত্যার মিশনের নাম - অপারেশন জেরোনিমো।
• অপারেশনে অংশ গ্রহণ করে - মার্কিন Us Navy Seal
সঠিক উত্তর : ক.

০৩. কে দুবার আক্রমণ করে নরওয়েতে ৭৬ জন লোক হত্যা করে?
ক. আন্দ্রে উইলিয়াম এ্যাসাঞ্জ খ. মোঃ নাসের হুসাইন
গ. আন্দ্রে বেকিং ব্রেইভিক ঘ. আন্দ্রে শামিল বাসায়েভ

ব্যাখ্যা: আন্দ্রে বেকিং ব্রেইভিক দুবার আক্রমণ করে ৭৬ জন লোক হত্যা করে।
সঠিক উত্তর : গ.

০৪. মধ্যপ্রাচ্যের কোন দেশে কোন সংবিধান বা সংসদ নেই?
ক. ইরাক খ. ইরান গ. সৌদি আরব ঘ. ওমান

ব্যাখ্যা: • সৌদি আরব কোন সংবিধান বা সংসদ নেই।
• কুরআন ও সুন্নাহর ভিত্তিতে শাসন কার্যপরিচালনা করা হয়।
• ইসলামী শরীয়াহ আইনের ভিত্তিতে আইন আদালত পরিচালিত হয়।
• আইন সভার নাম - মজলিশ-ই-শূরা।
সঠিক উত্তর : গ.

০৫. সম্প্রতি ইংল্যান্ডের কোন শহরে প্রথম দাঙ্গার সূত্রপাত হয়?
ক. ম্যানচেস্টার খ. ব্রিস্টল
গ. ওয়েস্ট মিডল্যান্ডস ঘ. টটেনহ্যাম

সঠিক উত্তর : ঘ.

০৬. 'বাংলাদেশ স্কয়ার' কোন দেশে অবস্থিত?
ক. ভারতে খ. ইরানে গ. নাইজেরিয়ায় ঘ. ইতালিতে

ব্যাখ্যা: বিশ্বের বিভিন্ন রাষ্ট্রে বাংলাদেশের সৌজন্যে নির্মিত স্থাপনা হচ্ছে-

| দেশ | নির্মিত স্থাপনা |
|---|---|
| লাইবেরিয়া | বাংলাদেশ স্কয়ার |
| ফ্রান্স | রু দ্য সাভার |
| লসএঞ্জেলস, যুক্তরাষ্ট্র | লিটল বাংলাদেশ |
| সিঙ্গাপুর | লিটল বাংলাদেশ |
| সিয়েরা লিওন | বাংলাদেশ রোড |

সঠিক উত্তর : নাই.

০৭. আন্না হাজারে কোন অনশন ধর্মঘট করেছেন?
ক. দুর্ভিক্ষ মোচন খ. সুশাসন প্রতিষ্ঠা
গ. দুর্নীতি দমন ঘ. গণতন্ত্র রক্ষা

ব্যাখ্যা: আন্না হাজারে সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য-
• জন্ম - ১৫ জুন , ১৯৩৭ ,মহারাষ্ট্র ভারত
• তিনি ভারতের দুর্নীতি বিরোধী ও মানবাধিকার কর্মী।
• দিল্লির রামলীলা ময়দানে ১৯ আগস্ট, ২০১১ তিনি প্রথম দুর্নীতি বিরোধী অনশন শুরু করেন ।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৮. যে ভাষা থেকে Education শব্দটির উৎপত্তি হয়েছে?
ক. গ্রিক খ. ফরাসি গ. জার্মান ঘ. লাতিন

ব্যাখ্যা: ইংরেজী 'Education' শব্দটি ল্যাটিন "educatio" শব্দ থেকে উৎপত্তি।
সঠিক উত্তর : ঘ.

০৯. ভারতের প্রধানমন্ত্রী মনমোহনের বাংলাদেশ সফরে যে বিষয়ে চুক্তি হয়নি-
ক. শুল্ক-মুক্ত পোশাক রপ্তানি
খ. ২৫০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি
গ. ঢাকা বিশ্ববিদ্যালয় ও জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় সহযোগিতা
ঘ. বাঘ রক্ষা

ব্যাখ্যা: ৬ সেপ্টেম্বর,২০১১ ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং ২ দিনের সফরে বাংলাদেশ আসেন।
• ৬ জুন ২০১৫ তে ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশ সফরে আসেন।
সঠিক উত্তর : খ.

১০. ই-৮ কী?
ক. পরিবেশ দূষণকারী ৮টি দেশ খ. পৃথিবীর গরীব ৮টি দেশ
গ. পৃথিবীর ধনী ৮টি দেশ ঘ. শিল্পোন্নত ৮টি দেশ

ব্যাখ্যা: • ই-৮ হচ্ছে পরিবেশ দূষণকারী ৮টি জোট ভুক্ত দেশ
• E-8 ভুক্ত দেশ গুলো- যুক্তরাষ্ট্র, কানাডা, রাশিয়া, ইতালি, ইংল্যান্ড, জার্মানি, জাপান, ও ফ্রান্স।
সঠিক উত্তর : ক.

১১. বাংলাদেশে বর্তমানে নারী মন্ত্রীর সংখ্যা কত?
ক. নয় খ. আট গ. সাত ঘ. ছয়

ব্যাখ্যা: বর্তমান মন্ত্রিসভায় নারীর মন্ত্রীর সংখ্যা - ৫জন
সঠিক উত্তর : নাই.

১২. টাইম একটি-
ক. সাময়িকী খ. গ্রন্থ গ. সংবাদপত্র ঘ. টিভি অনুষ্ঠান

ব্যাখ্যা: • টাইম হচ্ছে যুক্তরাষ্ট্রের একটি প্রভাবশালী সাময়িকী
• এটি নিউ ইয়র্ক থেকে প্রকাশিত হয়।
• প্রথম প্রকাশ - ১৯২৩ সালে
• ২০ ডিসেম্বর ১৯৭১ এ The Bloody Birth of Bangladesh নামে একটি কাভার প্রকাশ করে।
সঠিক উত্তর : ক.

১৩. রবীন্দ্রনাথ ঠাকুর কতবার ঢাকায় এসেছিলেন?
ক. এক খ. দুই গ. তিন ঘ. চার

ব্যাখ্যা:
• রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৯৮ এবং ১৯২৬ সালে ২ বার ঢাকায় এসেছিলেন।
• ১৯১৫ সালের ৩ জুন ব্রিটিশ সরকার কর্তৃক স্যার/নাইট উপাধি গ্রহণ। এবং ১৯১৯ সালে তিনি নাইট হুড উপাধি প্রত্যাহার করেন।
• ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক 'ডক্টরেট ডিগ্রী' লাভ করেন।
• ১৯৪০ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক 'ডক্টরেট ডিগ্রী' লাভ করেন।
সঠিক উত্তর : খ.

১৪. বাংলাদেশে নতুন আবিস্কৃত গ্যাসক্ষেত্রের নাম-
ক. সুনেত্র খ. সাঙ্গুভেলী গ. বিবিয়ানা ঘ. মহালছড়ি

ব্যাখ্যা : বাংলাদেশে নতুন আবিস্কৃত গ্যাসক্ষেত্রের নাম- জকিগঞ্জ গ্যাসক্ষেত্র (২০২১)।
সঠিক উত্তর : নাই.

১৫. যে দেশে জলবায়ু সংক্রান্ত আইন প্রথম প্রণীত হয়েছিল-
ক. গ্রেট ব্রিটেন খ. ভারত গ. কানাডা ঘ. অস্ট্রেলিয়া

ব্যাখ্যা: • বিশ্ব জলবায়ু সংক্রান্ত চুক্তি 'মন্ট্রিল প্রটোকল' স্বাক্ষরিত হয় কানাডায় - ১৬ সেপ্টেম্বর, ১৯৮৯ সালে।
• পরিবেশ সংক্রান্ত কিয়োটো চুক্তি জাপানের কিয়োটাতে - ১১ ডিসেম্বর - ১৯৯৭ স্বাক্ষরিত হয়েছিল।
• স্থলমাইন নিষিদ্ধ করণ চুক্তি স্বাক্ষরিত হয় - ৩ ডিসেম্বর, ১৯৯৭, অটোয়াতে কার্যকর হয় - ১ মার্চ, ১৯৯৯।
• স্বাক্ষর করেনি - যুক্তরাষ্ট্র, রাশিয়া, পাকিস্তান, ভারত, উত্তর ও দঃ কোরিয়া, ইরান, ইসরাইল প্রভৃতি দেশ।
সঠিক উত্তর : গ.

১৬. আগরতলা মামলা প্রত্যাহার করা হয়-
ক. ২২ শে ফেব্রুয়ারি ১৯৬৯ খ. ২০শে মার্চ ১৯৬৮
গ. ১৮ই ফেব্রুয়ারি ১৯৭০ ঘ. ৫ই ডিসেম্বর ১৯৬৮

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (৪২) নং দেখ।
সঠিক উত্তর : ক.

১৭. 'Ode to a Nightingale' কবিতায় রচয়িতা-
ক. কিপলিং খ. শেলী গ. ওয়ার্ডসওয়ার্থ ঘ. কীট্স

ব্যাখ্যা: • Ode To A Nightingale কবিতার রচয়িতা - জন কীটস
• তাকে Poet of Nature বলা হয়।
• তার বিখ্যাত সাহিত্য কর্ম হচ্ছে - ইসাবেলা, দ্যা লাইটএঙ্গেল, ইভ অব সেন্ট অ্যাগানিস, এনডিমিয়ন ইত্যাদি।
সঠিক উত্তর : ঘ.

১৮. বর্তমান বৃহত্তর বরিশাল ও ফরিদপুর এলাকা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভূক্ত ছিল?
ক. সমতট খ. পুণ্ড্রবর্ধন গ. রাঢ় ঘ. বঙ্গ

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (৩৬) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

১৯. বাংলাদেশের তৈরি ল্যাপটপ-
ক. শাপলা খ. দোয়েল গ. যমুনা ঘ. এসাব

ব্যাখ্যা: • বাংলাদেশের তৈরি প্রথম ল্যাপটপ - দোয়েল (DOEL)
• প্রথম বাজারে ছাড়া হয় - ১১ অক্টোবর, ২০১১
• প্রস্তুতকারী প্রতিষ্ঠান - বাংলাদেশ টেলিফোন শিল্পসংস্থা - (টেশিশ-TSS)
সঠিক উত্তর : খ.

২০. যে ছবির লোকেশন ঠিক করতে যেয়ে তারেক মাসুদ ও মিশুক মুনীর সড়ক দুর্ঘটনায় নিহত হন-
ক. রানওয়ে খ. নরসুন্দর গ.কাগজের ফুল ঘ. মাটির ময়না

ব্যাখ্যা: • তারেকমাসুদ ও মিশুক মুনির 'কাগজের ফুল' ছবির শুটিং লোকেশনের জন্য মানিকগঞ্জ গিয়ে সেখান থেকে ফেরার পথে সড়ক দুর্ঘটনায় নিহত হন।
• তারেক মাসুদের সর্বশেষ ছবি - রানওয়ে।
• তারেক মাসুদ ও মিশুক মুনীর স্মরনে স্থাপনা ঃ 'সড়ক দুর্ঘটনা স্মৃতি স্থাপনা' অবস্থান ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলের সামনে।
সঠিক উত্তর : গ.

২১. জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুযায়ী প্রাথমিক শিক্ষার মেয়াদ যে ক্লাস পর্যন্ত-
ক. পঞ্চম শ্রেণি খ. ষষ্ঠ শ্রেণি গ. সপ্তম শ্রেণি ঘ. অষ্টম শ্রেণি

ব্যাখ্যা: • জাতীয় শিক্ষানীতি - ২০১০ মন্ত্রিসভায় অনুমোদিত হয় - ৩১ মে, ২০১০
• এই নীতি অনুযায়ী ৮ম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়।
• মাধ্যমিক স্তর - নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত।
• নতুন এই শিক্ষানীতি বাস্তবায়ন হয় ২০১১ সাল থেকে।
• এই কমিটির চেয়ারম্যান ছিলেন - অধ্যাপক কবীর চৌধুরী।
সঠিক উত্তর : ঘ.

২২. দেশের একমাত্র কৃষিভিত্তিক EPZ-
ক. উত্তরা, নীলফামারী খ. মেঘনা, মুন্সিগঞ্জ
গ. আদমজী, নারায়ণগঞ্জ ঘ. ঈশ্বরদী, পাবনা

ব্যাখ্যা: • EPZ - Export Processing Zone
• ১ম ও সর্ববৃহৎ EPZ - চট্টগ্রাম, ১৯৮৩
• ২য় EPZ - ঢাকা, ১৯৯৩
• মোট EPZ - ১০ টি, সরকারি ৮ টি, বেসরকারি ২ টি

| নাম | অবস্থান | কার্যক্রম শুরু |
|---|---|---|
| চট্টগ্রাম | হালিশহর, চট্টগ্রাম | ১৯৮৩ |
| ঢাকা | সাভার, ঢাকা | ১৯৯৩ |
| মংলা | মংলা, বাগেরহাট | ২৩ মে, ১৯৯৮ |
| ঈশ্বরদী | পাকশি, পাবনা | ১৯৯৮ |
| উত্তরা (কৃষিভিত্তিক) | নীলফামারী | ১৯৯৯ |
| কুমিল্লা | বিমানবন্দর, কুমিল্লা | ১৫ জুলাই, ২০০০ |
| আদমজী | নারায়ণগঞ্জ | ৬ মার্চ, ২০০৬ |
| কর্ণফুলি | পতেঙ্গা, চট্টগ্রাম | ১২ সেপ্টেম্বর, ২০০৬ |
| কোরিয়ান (KEPZ) | চট্টগ্রাম | ৩০, অক্টোবর |
| রাঙ্গুনিয়া | চট্টগ্রাম | |

সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৩. প্রস্তাবিত পদ্মা সেতুর দৈর্ঘ্য-
ক. ৫.০৩ কি.মি খ. ৬.৮০ কি.মি
গ. ৪.৮০ কি.মি ঘ. ৬.১৫ কি.মি

ব্যাখ্যা: • পদ্মা সেতুর দৈর্ঘ্য : ৬.১৫ কি.মি. ও প্রস্থ - ১৮.১০ মিটার
• সংযুক্ত করবে - মুন্সীগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলাকে।
• এর দুই দিকে মাওয়া ও কেওড়াকান্দি ঘাট অবস্থিত।
সঠিক উত্তর : ঘ.

২৪. ২০১০ সালের মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের অবস্থান-
ক. ১২৮ তম খ. ১২৯ তম গ. ১৩০ তম ঘ. ১৪৫ তম

ব্যাখ্যা: ২০২১ সালে মানব উন্নয়ন সূচকে (Human Development Index (HDI) বাংলাদেশের অবস্থান - ১৩৩ তম।
সঠিক উত্তর : খ.

২৫. আধুনিক আমলাতন্ত্রের প্রবক্তা-
ক. টেলকট পারসন্স খ. ম্যাক্স ভেবার
গ. হার্বার্ট স্পেন্সার ঘ. ডুর্কখেইম

ব্যাখ্যা: • আধুনিক আমলাতন্ত্রের প্রবক্তা হচ্ছে- Max weber (ম্যাক্র ওয়েবার)
• জন্ম ঃ ২১ এপ্রিল, ১৮৬৪, জার্মানি, মৃত্যু: ১৪ জুন ,১৯২০
• তিনি আধুনিক আমলাতন্ত্রের প্রবক্তা হিসেবে বিখ্যাত।
সঠিক উত্তর : খ.

২৬. কোনটি নাটক নয়?
ক. নেমেসিস খ. বোবাকাহিনী
গ. কবর ঘ. বসন্ত

ব্যাখ্যা: • বোবা কাহিনী - জসীমউদ্দিনের একমাত্র উপন্যাস।
• নেমেসিস - নুরুল মোমেনের একটি বিখ্যাত নাটক।
• কবর - মুনীর চৌধুরীর ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত বিখ্যাত নাটক
• বসন্ত - গীতি নাট্যটি রবীন্দ্রনাথ ঠাকুর কাজী নজরুলকে উৎসর্গ করে লেখেছিলেন।
সঠিক উত্তর : খ.

২৭. যে প্রতিষ্ঠানকে ২০১১ সালে শিক্ষায় স্বাধীনতা দিবস পুরস্কার দেওয়া হয়।
ক. ঢাকা বিশ্ববিদ্যালয় খ. বারডেম
গ. বাংলা একাডেমী ঘ. এশিয়াটিক সোসাইটি

ব্যাখ্যা: ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ পুলিশ ২০১১ সালে স্বাধীনতা পুরস্কার পায়।
সঠিক উত্তর : ক.

২৮. 'এমিরিটাস প্রফেসর'- এর মেয়াদ কত বছর?
ক. পাঁচ বছর খ. চার বছর গ. আট বছর ঘ. আজীবন

ব্যাখ্যা: • এমিরিটাস প্রফেসর হল : চাকুরি থেকে অবসর গ্রহণের পর যার পদ ও পদবী অক্ষুন্ন থাকে।
• বাংলাদেশের অন্যতম এমিরিটাস প্রফেসর হচ্ছে - ড. আনিসুজ্জামান, ড. সিরাজুল ইসলাম প্রমুখ।
সঠিক উত্তর : ঘ.

২৯. সেক্টর নং ৩ এর সেক্টর কমান্ডার ছিলেন-
ক. মেজর এন.এম নুরুজ্জামান খ. মেজর শওকত আলী
গ. মেজর কাজী নুরুজ্জামান ঘ. মেজর এম.এ জলিল

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধে বাংলাদেশের সেক্টর কমান্ডারগণ-

| সেক্টর | সেক্টর কমান্ডার |
|---|---|
| ১ | মেজর জিয়াউর রহমান, মেজর রফিকুল ইসলাম |
| ২ | মেজর খালেদ মোশাররফ, মেজর এ টি এম হায়দার |
| ৩ | মেজর শফিউল্লাহ, মেজর নুরুজ্জামান |
| ৪ | মেজর সি আর দত্ত, ক্যাপ্টেন রব |
| ৫ | মেজর মীর শওকত আলী |
| ৬ | উইং কমান্ডার এম কে বাশার |
| ৭ | মেজর নাজমুল হক, মেজর নুরুজ্জামান |
| ৮ | মেজর আবু ওসমান চৌধুরী, মেজর এম এ মঞ্জুর |
| ৯ | মেজর এম আব্দুল জলিল, মেজর জয়নাল আবেদীন |
| ১০ | নৌ বাহিনীর কমান্ডোদের দ্বারা পরিচালিত |
| ১১ | মেজর এম আবু তাহের, স্কোয়াড্রন এম হামিদুল্লাহ |

সঠিক উত্তর : ক.

৩০. এ কে ফজলুল হককে 'শেরেবাংলা' উপাধি দেওয়া হয়-
ক. ঢাকায় খ. রাওয়ালপিন্ডিতে
গ. কলকাতায় ঘ. লাহোরে

ব্যাখ্যা: • প্রকৃত নাম : আবুল কাশেম ফজলুল হক
• জন্ম : ২৬ অক্টোবর, ১৮৭৩ সাতুরিয়া, বরিশাল
• মৃত্যু : ২৭ এপ্রিল, ১৯৬২
• ১৯৩৭ সালে অবিভক্ত বাংলার ১ম মুখ্যমন্ত্রী হন।
• ঋণ সালিশি আইন পাশ হয় - ১৯৩৮ সালে
• ১৯৩৭ সালের অক্টোবরে লাহোরে নিখিল ভারত মুসলীম লীগের অধিবেশনে তাকে শেরে বাংলা উপাধি দেওয়া হয়।
• ১৯৪০ সালের ২৩ মার্চে তিনি লাহোর প্রস্তাব উত্থাপন করেছিলেন।
• ১৯৫৩ সালের ২৭ জুলাই 'কৃষক শ্রমিক পার্টি গঠন করেন।
সঠিক উত্তর : ঘ.

৩১. যে সালে বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকারের আইনটি প্রবর্তন করা হয়-
ক. ১৯৯১ খ. ১৯৯৫ গ. ২০০১ ঘ. ১৯৯৬

ব্যাখ্যা: • তত্ত্বাবধায়ক সরকার আইন প্রণয়ন করা হয় - ১৯৯৬ সালের ২৭ মার্চ সংবিধানের ১৩ তম সংশোধনের মাধ্যমে।
• তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্ত করা হয় - ২০১১ সালের ৩০ জুন সংবিধানের ১৫ তম সংশোধনের মাধ্যমে।
সঠিক উত্তর : ঘ.

৩২. মুসা ইব্রাহীম সম্প্রতি যে পর্বতের চূড়ায় আরোহণ করেন তার নাম-
ক. কিলিমানজারো পর্বত খ. টেবিল পর্বত
গ. কেওক্রাডাং পর্বত ঘ. হিমালয় পর্বত

ব্যাখ্যা: • দুইবার এভারেস্ট বিজয়ী - এম. এ মুহিত
• প্রথম নারী এভারেস্ট বিজয়ী - নিশাত মজুমদার
সঠিক উত্তর : ক.

৩৩. লিওনেল মেসি যে তারিখে বাংলাদেশে আসেন-
ক. ৬ সেপ্টেম্বর ২০১১ খ. ৭ সেপ্টেম্বর ২০১১
গ. ৮ সেপ্টেম্বর ২০১১ ঘ. ৯ সেপ্টেম্বর ২০১১

ব্যাখ্যা: • লিওনেল মেসি সর্বপ্রথম বাংলাদেশে আসেন- ৫ সেপ্টেম্বর, ২০১১।
• আর্জেন্টিনা - নাইজেরিয়া একটি প্রীতি ম্যাচ খেলার জন্য।
• ম্যাচটি অনুষ্ঠিত হয় ৬ সেপ্টেম্বর, ২০১১, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা।
সঠিক উত্তর : ক.

৩৪. কোন দেশ এবারের জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে পূর্ণ সদস্য পদের জন্য আবেদন করবে?
ক. দক্ষিণ সুদান খ. ফিলিস্তিন
গ. পূর্ব তীমুর ঘ. সোয়াজিল্যান্ড

ব্যাখ্যা: • ইউরোপের দেশ সুইডেন ৩০ অক্টোবর, ২০১৪ ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়।
• ৮ জুলাই, ২০১৪ ইসরাইল Operation Protective Edge নামে গাজায় আগ্রাসন চালায়
সঠিক উত্তর : খ.

৩৫. ১৮ই সেপ্টেম্বর ২০১১ সালে বাংলাদেশে অনুভূত ভূমিকম্পের উৎসস্থল কোথায় ছিল?
ক. নাগাল্যান্ড খ. নেপাল গ. ভূটান ঘ. সিকিম

ব্যাখ্যা: • ১৮ই সেপ্টেম্বর, ২০১১ তে নেপাল সহ বাংলাদেশ, ভারতে ভূমিকম্প আঘাত আনে।
• উৎপত্তি স্থল ছিল - সিকিম।
• মাত্রা ছিল - ৭.৮ (রিকটার স্কেলে)
সঠিক উত্তর : ঘ.

৩৬. সামাজিকীকরণে মুখ্য ভূমিকা পালন করে যে মাধ্যম-
ক. বিদ্যালয় খ. খেলার সাথী গ. পরিবার ঘ. চলচ্চিত্র

ব্যাখ্যা: • সামাজিকীকরণের প্রাথমিক স্তর হচ্ছে - পরিবার
• এটি সামাজিকীকরণে মুখ্য ভূমিকা পালন করে।
সঠিক উত্তর : গ.

৩৭. থাইল্যান্ডের বর্তমান প্রধানমন্ত্রী-
ক. ইংলাক সিনাওয়াত্রা খ. পোটে সারাসিন
গ. থাকসিন সিনাওয়াত্রা ঘ. অভিজিৎ ভিজ্জাজিভা

ব্যাখ্যা: বর্তমান প্রধানমন্ত্রী- প্রায়ুথ চান-ওচা।
সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩৮. উইকিলিকস- এর প্রতিষ্ঠাতা-
ক. বিল গেটস খ. জুলিয়ান অ্যাসাঞ্জ
গ. রাবার্ট লিও ঘ. মাইকেল অ্যাসাঞ্জ

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (২৯) নং দেখ।
সঠিক উত্তর : খ.

৩৯. কর্ণফুলী নদীর উপর সেতুর নাম-
ক. কর্ণফুলী সেতু খ. শাহ আমানত সেতু
গ. কিংস সেতু ঘ. চট্টগ্রাম সেতু

ব্যাখ্যা: বাংলাদেশের কয়েকটি সেতু ও তার অবস্থান-

| সেতু | অবস্থান |
|---|---|
| বাংলাদেশের একমাত্র ঝুলন্ত সেতু | কাপ্তাই হ্রদের ওপর; রাঙ্গামাটি |
| যমুনা/বঙ্গবন্ধু সেতু | যমুনা নদীর ওপর; সিরাজগঞ্জ - টাঙ্গাইল |
| লালন শাহ সেতু | পদ্মা নদীর ওপর; কুষ্টিয়া |
| হার্ডিঞ্জ ব্রিজ | পদ্মা নদী (দীর্ঘতম রেল সেতু, এককভাবে) |
| বাংলাদেশ - চীন মৈত্রী সেতু - ১ | বুড়িগঙ্গা নদীতে, পোস্তগোলা ঢাকা |
| প্রথম পদ্মা সেতু (প্রস্তাবিত) | পদ্মা নদীর ওপর, মাওয়া - জাজিরা |
| ২য় পদ্মা সেতু (প্রস্তাবিত) | পদ্মা - যমুনা নদীর ওপর, পাটুরিয়া - গোয়ালন্দ |

সঠিক উত্তর : খ.

৪০. EVM বোঝায়-
ক. ইলেকট্রিক ভোটিং মেশিন খ. ইলেকট্রনিক ভোটিং মেশিন
গ. ইলাস্টিক ভোটিং মেশিন ঘ. এফিসিয়েন্ট ভোটিং মেশিন

ব্যাখ্যা: • EVM - Electronic Voting Machine.
• এই পদ্ধতি প্রথম চালু হয় - ১৯৬০ সালে যুক্তরাষ্ট্রে।
• বাংলাদেশে প্রথম ব্যবহৃত হয়, ২০০৭ সালে ঢাকার অফিসার্স ক্লাবের কার্যকরী সংসদ নির্বাচনে।
সঠিক উত্তর : খ.

৪১. Windows-XP দ্বারা বোঝানো হয়-
ক. উইনডোজ এক্সপেরিয়েন্স খ. ইউনডোজ এক্সপার্ট
গ. উইনডোজ একজাক্ট ঘ. ইউনডোজ এক্সক্লুসিভ

ব্যাখ্যা: • Windows - Xp - Windows Experiences.
• এটি - ২০১১ সালে PC কম্পিউটারে ব্যবহারের জন্য মাইক্রোসফট কর্পোরেশন বাজারে ছাড়ে।
• মাইক্রোসফট কর্পোরেশনের আরো কয়েকটি অপারেটিং সিস্টেম হচ্ছে Windows 7 - Windows 8 ইত্যাদি।
সঠিক উত্তর : ক.

৪২. শূন্যের ধারণা কোন দেশের গণিতবিদের?
ক. ভরত খ. গ্রিস
গ. মিসর ঘ. চীন

ব্যাখ্যা: • শূন্যের (০) ধারণা সর্বপ্রথম আবিষ্কার করেন - ভারতীয় উপমহাদেশের প্রখ্যাত গণিতবিদ আর্য ভট্ট।
• খ্রিষ্টপূর্ব ১৮০০ সালে Infinity এর ধারণা দেয় ভারতীয়রা।
সঠিক উত্তর : ক.

৪৩. দিন-রাত কেন হয়?
ক. পৃথিবীর আহ্নিক গতির জন্য খ. পৃথিবীর বার্ষিক গতির জন্য
গ. সূর্যোদয়-সূর্যাস্তের জন্য ঘ. মানুষের কাজ ও বিশ্রামের জন্য

ব্যাখ্যা: • আহ্নিক গতির ফলে দিন-রাত, জোয়ার-ভাঁটা সংঘটিত হয়।
• বার্ষিক গতির ফলে ঋতু পরিবর্তন, দিন-রাত্রির হ্রাস-বৃদ্ধি ঘটে।
সঠিক উত্তর : ক.

৪৪. কোন ব্রিটিশ ভাইসরয় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন?
ক. লর্ড মিন্টো খ. লর্ড কার্জন
গ. লর্ড হার্ডিঞ্জ ঘ. লর্ড চেমসফোর্ড

ব্যাখ্যা: নাথান কমিশন : লর্ড হার্ডিঞ্জের পৃষ্ঠপোষকতায় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য নাথান কমিশন গঠিত হয়।
• গঠিত হয় - ২৭ মে, ১৯১২ [১৪ জন সদস্য নিয়ে]
• সভাপতি- ব্যারিষ্টার রবার্ট নাথান
স্যাডলার কমিশন ঃ
• গঠিত হয় : ১৯১৭ সালে
• প্রধান : মাইকেল ই স্যাডলার
• পরবর্তীতে এই কমিশনের সুপারিশে ১৯২১ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।
সঠিক উত্তর : গ.

৪৫. তিস্তা বাঁধ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ক. খুলনা খ. লালমনির হাট
গ. পাবনা ঘ. কুষ্টিয়া

ব্যাখ্যা: • তিস্তা সেচ প্রকল্প বাংলাদেশের অন্যতম বড় প্রকল্প।
• আয়তন, ৫৪০৪ বর্গ কি.মি.
• এটির অবস্থান : রংপুর, দিনাজপুর, বগুড়া, লালমনিরহাট, নীলফামারী।
• এটির পরিকল্পনা নেয়া হয় - ১৯৪৫ সালে।
• তিস্তা বাঁধের নির্মাণ কাজ শুরু হয় - ১৯৫৯-৬০ সালে।
• তিস্তা বাঁধ উদ্বোধন করা হয় - ৫ আগস্ট, ১৯৯০।
সঠিক উত্তর : খ.

৪৬. বাংলাদেশের ছিটমহলগুলো ভারতের পশ্চিমবঙ্গের কোন জেলায়?
ক. দার্জিলিং খ. জলপাইগুড়ি
গ. কুচবিহার ঘ. মালদহ

ব্যাখ্যা: বাংলাদেশের ছিটমহলগুলো ভারতের কুচবিহার ও জলপাইগুড়ি জেলায় অবস্থিত। বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (৪০) নং দেখ।
সঠিক উত্তর : খ ও গ.

৪৭. নরওয়ের পার্লামেন্টের নাম-
ক. সেয়ম খ. করতেস
গ. স্টরটিং ঘ. ডুমা

ব্যাখ্যা: বিশেষ কয়েকটি দেশের পার্লামেন্টের নাম :-
বিস্তারিত : ঢাবি (২০০৯-২০১০) এর (০৯) নং দেখ।
সঠিক উত্তর : গ.

৪৮. 'এনটোমোলজি' কোন বিষয়ের অধ্যায়ন?
ক. পাখি খ. পোকা
গ. সরীসৃপ ঘ. মাছ

ব্যাখ্যা: • জুওলোজি - প্রাণী বিদ্যা।
• এনটোমোলজি - কীটপতঙ্গ বিজ্ঞান।
• এভিকালচার - পাখি পালন বিদ্যা।
• পিসি কালচার - মৎস চাষ বিদ্যা।
• বোটানিক - উদ্যানবিদ্যা।
• এপিকালচার - মৌমাছি পালন বিদ্যা।
সঠিক উত্তর : খ.

৪৯. 'অস্কার' পুরস্কারের অন্য নাম-
ক. গ্র্যামি খ. এমি
গ. একাডেমি ঘ. টনি

ব্যাখ্যা: • চলচ্চিত্রের সর্বোচ্চ পুরস্কার হলো - অস্কার পুরস্কার
• প্রবর্তন করা হয় - ১৯২৮ সালে
• অস্কারের ক্যাটাগরি - ২৪ টি
• অস্কার পুরস্কারের অন্য নাম - একাডেমি এওয়ার্ড।
• প্রবর্তক - মার্কিন যুক্তরাষ্ট্রের হলিউডের - 'একাডেমি অব মোশন পিকচার্স আর্ট এন্ড সায়েন্স।
সঠিক উত্তর : গ.

৫০. এ বছর নোবেল পুরস্কার প্রাপ্ত সাহিত্যিক ও তাঁর দেশ-
ক. টেরি ইগলটন খ. গুন্টার গ্রাস
গ. টমাস ট্রান্সট্রমার ঘ. টেড হিউজেস

ব্যাখ্যা: ২০২১ সালের সাহিত্যে নোবেল পুরস্কার পান - তানজানিয়ার নাগরিক আব্দুলরাজাক গুরনাহ।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## Elective English

(Answer each question by choosing the best option.)

***With reference to the passage given below answer question 1-8***

As Pavlova's bird body revealed itself on the scene, either immobile in trembling mystery or tense in the incredible are which was her lift, her instep stretched ahead in an are never before seen, the tiny bones of her hands in ceaseless vibration, her face radiant, diamonds glittering under her dark hair, her little waist encased in silk, the great tutu balancing quickening and flashing over her beating, flashing, quivering legs, every man and woman sat forward, every pulse quickened. She never appeared to rest static, some art of her trembled, vibrated, beat like a heart. Before our dazzled eyes, he flashed with the sudden sweetness of a hummingbird in action too quick for understanding by our gross utilitarian standards in action sensed rather than seen. The movie cameras could not record her allegro. Her feet and hands photographed as a blur.

**01. The passage is describing ___.**
A. a bird named pavlova B. a woman
C. a ballet because D. a hummingbird
**Ans : A.**

**02. Movie cameras could not photograph Pavlova properly because**
A. She never remained still
B. her movements were too quick
C. the lights were not good.
D. the photographer was inexperienced.
**Ans : B.**

**03. The word "incredible" means ___.**
A. beautiful B. superior
C. hard to believe D. hard to see
**Ans : C.**

**04. "she never appeared to remain static" means ___.**
A. she never rested B. she was never boring
C. she was restless D. she was always moving
**Ans : D.**

**05. "our dazzled eyes" suggests that the audience ___ the performance.**
A. enjoyed B. did not like
C. were indifferent D. could not see
**Ans : A.**

**06. "little bird body" is a ___.**
A. simile B. metaphor
C. synecdoche D. personification
**Ans : B.**

**07. "gross utilitarian" stands for ___.**
A. refined B. united C. peculiar D. ordinary
**Ans : B.**

**08. In the passage "allegro" means ___.**
A. fast movement B. fast music
C. Full body D. delicate figure
ব্যাখ্যা: Allegro - A piece of music to be played in a fast and lively manner.
**Ans : B.**

**09. "Necromancy" relates to ___.**
A. black magic B. theology
C. life after death D. narcissism
**Ans : A.**

**10. A "white elephant" refers to a/an ___.**
A. attractive thing B. elephant of white color
C. useless expensive thing D. rare species
ব্যাখ্যা: White elephant - গরীবের হাতি পোষার মত ব্যয় সাধ্য। অর্থাৎ useless expensive thing.
**Ans : C.**

**11. The antonym of "nonchalant" is ___.**
A. needless B. apathetic
C. concerned D. beneficial
ব্যাখ্যা: Nonchalant - (adj) - উদাসীন।
**Synonym :** Apathetic, Blase, Carefree, Careless, Casual, Detached, Indifferent, Unconcerned.
**Antonym :** careful, concerned, worried
**Ans : C.**

**12. The musician who has just performed is a star ___ the making.**
A. by B. on C. at D. in
**Ans : D.**

**13. A person who uses sharp bitter language is ___.**
A. garrulous B. acrimonious
C. discordant D. eccentric
ব্যাখ্যা: Garrulous - বাচাল।
Discordant - বেসুরো।
Acrimonious - তিক্ততাপূর্ণ ভাষা/ব্যবহার।
Eccentric - অদ্ভুত।
**Synonym :** Acrimonious, Abusive, Bitter, Censorious, ill-Tempered, Sevre, Spiteul, Tenchant, Virullent, Sharp.
**Antonym :** Irenic, Kindly, Peaceable.
**Ans : B.**

**14. "Frailty thy name is woman." Is said by ___.**
A. King Lear B. Othello
C. Hamlet D. King Duncan
**Ans : C.**

**15. The coach, as well as the players, ___ responsible ___ the defeat.**
A. were, for B. was, for
C. was, in D. are, for
ব্যাখ্যা: together with, along with, in addition to, including to, as well as, and not, accompanied by.
এই শব্দগুলো বা phrase গুলোর প্রথমে যে Subject থাকবে সেই Subject অনুযায়ী verb বসবে।
আলোচ্য প্রশ্নে The coach Singular বলে verb টি Singular হবে। অর্থাৎ প্রথম শূন্যস্থানে was বসবে। আবার responsible এর পর Appropriate preposition for বসবে।
**Ans : B.**

**16. I ___ on ___ it until you come.**
A. went, doing B. shall go, do
C. am, doing D. will go, doing
ব্যাখ্যা: Until এর পরের অংশ present tense এ আছে, তাই ১ম অংশে present বা future tense বসাতে হবে। Senctence টির অর্থ দাঁড়ায় - আমি এটা করতে থাকব যতক্ষণ পর্যন্ত তুমি না আস। যেহেতু করতে থাকব বলা হয়েছে তাই future marker, 'will go' ব্যবহৃত হবে। আবার দ্বিতীয় option এ doing বসবে কেননা to এবং কিছু ব্যতিক্রম ছাড়া সাধারণত preposition এর পর verb এর সাথে ing বসাতে হয়।
**Ans : D.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

17. ___ you drive please? I don't like ___ at night.
A. Will, drive B. Can, to driving
C. Will, driving D. Could, drive

ব্যাখ্যা: পরের Sentence টি Present tense তাই ১ম Sentence টি present বা future tense হবে। সেক্ষেত্রে can বা will দুটোই ব্যবহার করা যেতে পারে। কিন্তু সেক্ষেত্রে দ্বিতীয় শূন্যস্থানটি বিবেচনা করতে হবে। দ্বিতীয় শূন্যস্থানের পূর্বে like দেয়া আছে। like এর পর infinitive (to+verb) এবং Gerund (verb+ing) দুটোই হতে পারে। আবার মনে রাখতে হবে to এর পর verb এর basic form বসাতে হবে।
Ans : C.

18. When I ___ my job I ___ to move to another flat.
A. changed, had B. change, must
C. changed, have D. shall change, going

ব্যাখ্যা: যখন আমি আমার Job পরিবর্তন করলাম, আমাকে অন্য ফ্ল্যাটে move করতে হল। এখানে দুটি ঘটনাই অতীত কালের, তাই শূন্যস্থানে changed এবং had বসালে Sentence টি অর্থপূর্ণ হয়।
Ans : A.

19. Jane Eyre was written by ___.
A. Jane Austen B. Charlotte Bronte
C. Charles Dickens D. Emily Bronte

Ans : B.

20. The word 'Hellenic' refers to ___.
A. Helen B. Divine
C. Greek D. Roman

Ans : C.

21. Shakespeare did not write ___.
A. All's Well that Ends Well B. Measure for Measure
C. Love's Labors Lost D. Caesar and Cleopatra

Ans : D.

22. The synonym of "innocuous" is ___.
A. innuendo B. harmless
C. caustic D. innovative

ব্যাখ্যা: Innocuous - (adj) - নিরাপদ, অনুপকারী।
Synonym : Bland, Harmless, Innocent, Inoffensive, Safe, Unobjectionable.
Antonym : Harmful, Offensive.
Ans : B.

23. " She is given to history" means she ___.
A. teaches history B. loves history
C. becomes hysterical D. over-dramatizes things

ব্যাখ্যা: Given to - প্রবন/আসক্ত/Having tendency to.
Ans : B.

24. The word "succulent" is a/an ___.
A. adjective B. noun
C. adverb D. verb

ব্যাখ্যা: Succulent - (adj) - রসালো, সুস্বাদু।
Synonym : Fleshy, Juicy, Luscious, Mellow, Moist, Mouthwatering, Lush.
Antonym : Dry.
Ans : A.

25. Choose the grammatically correct sentence.
A. His being there came as a shock to everyone.
B. He being there came as a shock to everyone.
C. He being there comes as a shock to everyone.
D. He being there had come as a shock to everyone.

ব্যাখ্যা: Subject এর পর কখনও সরাসরি ing যুক্ত verb বসে না। কিন্তু possessive case এর পর verb এর সাথে ing যোগ হয়।
Ans : A.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০১০-২০১১

### বাংলা

০১. 'তরুছায়ামসী-মাখা'- কোন রঙের প্রসঙ্গ?
ক. মেটে খ. সবুজ গ. কালো ঘ. ধূসর

ব্যাখ্যা : "তরুছায়ামসী-মাখা
গ্রামখানি মেঘে ঢাকা"–
ওপারের মেঘে ঢাকা গ্রামটি যেন গাছের ছায়ার কালো রঙে মাখানো।
সঠিক উত্তর : গ.

০২. 'কড়িকাঠ' কোথায় থাকে?
ক. মেঝেতে খ. জানালায় গ. দরজায় ঘ. ছাদে

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

০৩. 'বানি' কী?
ক. কথা খ. বেনে গ. গয়না তৈরির মজুরি ঘ. বায়না

ব্যাখ্যা: অন্ন- ভাত ; অন্য- অপর; বেশি- অনেক; বেশী- ছদ্মবেশী;
বাণী- কথা, উক্তি; বানি- গয়না তৈরির মজুরি;
নিচ- নিম্নস্থান, নীচ- হীন;
সকল- সব, শকল- মাছের আঁশ।
সঠিক উত্তর : গ.

০৪. 'তুমি না সেদিন আবৃত্তি করেছিলে?-এখানে 'না' কোন অর্থে ব্যবহৃত?
ক. সন্দেহ খ. বিস্ময় গ. অনুমান ঘ. নিশ্চয়তা

সঠিক উত্তর : ক.

০৫. স্বগতোক্তিতে কথা বলেন-
ক. একজন খ. দুজন গ. তিনজন ঘ. চারজন

সঠিক উত্তর : ক.

০৬. 'রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি'?- 'রাত পোহাবার' চরণাংশের ব্যঞ্জনার্থ-
ক. সকাল হবার খ. প্রতীক্ষা শেষ হবার
গ. দুঃসময় কেটে যাবার ঘ. বিরক্তির অবসান হবার

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

০৭. 'শবল' শব্দের অর্থ-
ক. শববাহক খ. গাঁইতি গ. শক্তিমান ঘ. বহুবর্ণিল

ব্যাখ্যা: শবল - বহু বর্ণযুক্ত বা বহু বর্ণিল।
সঠিক উত্তর : ঘ.

০৮. 'চত্বারিংশ' শব্দটি কোন সংখ্যাজ্ঞাপক?
ক. চুয়াল্লিশ খ. চল্লিশ গ. চৌত্রিশ ঘ. চব্বিশ

সঠিক উত্তর : খ.

০৯. ইংরেজি ভাষা থেকে আগত শব্দগুচ্ছ
ক. দারোগা, কেদারা, ক্লাব খ. জাঁদরেল, আরদালি, বোতল
গ. বকেয়া, বাহাদুর, রেস্তোরাঁ ঘ. কুর্সি, কেতলি, কাবাব

ব্যাখ্যা: জাঁদরেল, আরদালি, বোতল শব্দত্রয় এসেছে যথাক্রমে ইংরেজী General, Orderly, Bottle থেকে।
বিস্তারিত : ঢাবি (২০১১-২০১২) এর (২০) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১০. সংলাপনির্ভর রচনা-
ক. তাহারেই পড়ে মনে খ. বঙ্গভাষা
গ. কবর ঘ. একটি ফটোগ্রাফ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমের কবিতাগুলোর মধ্যে-

| | |
|---|---|
| তাহারেই পড়ে মনে | নাটকীয়তা/ সংলাপনির্ভরতা |
| সেই অস্ত্র | অনাড়ম্বর সহজ গতিময়তা |
| আমি কিংবদন্তীর কথা বলছি | গভীরতাসঞ্চারী চিত্রকল্প |
| লোক-লোকান্তর | আত্মপরিচয়মূলক কবিতা |

সঠিক উত্তর : ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার